# জামায়াত কর্মীকে হামলার অভিযোগ যুবদল কর্মীর বিরুদ্ধে



ভুক্তভোগী নুরুল আবছার। ছবি: সংগৃহীত

ফেনীর দাগনভূঞা উপজেলায় নির্বাচনী প্রচারণা ঘিরে এক জামায়াত কর্মীর ওপর হামলার অভিযোগ উঠেছে যুবদল কর্মীর বিরুদ্ধে। অভিযুক্ত ব্যক্তি হামলার সময় ভুক্তভোগীর দাড়ি টেনে ধরে মারধর করেন বলে অভিযোগ করা হয়েছে।

শনিবার দুপুরে উপজেলার রাজাপুর ইউনিয়নের দক্ষিণ ভবানিপুর গ্রামে ঘটনাটি ঘটে। আহত ব্যক্তির নাম নুরুল আবছার। অভিযুক্ত বেলাল হোসেন একই এলাকার বাসিন্দা।

নুরুল আবছারের ভাষ্য, দুপুরে নামাজ শেষে বাড়িতে ঢোকার পর হঠাৎ বেলাল হোসেন তার ঘরে প্রবেশ করে তাকে আক্রমণ করেন। বাধা দিতে গেলে তার স্ত্রীও হেনস্তার শিকার হন। তিনি দাবি করেন, নির্বাচনের আগে দাঁড়িপাল্লা প্রতীকে ভোট চাওয়াকে কেন্দ্র করে এ বিরোধের সূত্রপাত।

আহতের স্ত্রী জানান, এর আগেও তার স্বামীকে হত্যার হুমকি দেওয়া হয়েছিল। হামলার সময় দাড়ি ধরে টেনে মাটিতে ফেলে লাথি দিয়ে পেটানো হয় বলেও তিনি অভিযোগ করেন।

উপজেলা জামায়াতের আমির গাজী সালেহ উদ্দিন বলেন, বিষয়টি প্রশাসনকে অবহিত করা হয়েছে। নুরুল আবছারকে প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হয়, পরে তাকে ফেনী জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

অন্যদিকে উপজেলা বিএনপির আহ্বায়ক আকবর হোসেন বলেন, কোনো ধরনের সহিংসতা বরদাশত করা হবে না। ঘটনার সঙ্গে জড়িত যে-ই হোক, সাংগঠনিক ও প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।

ফেনীর সহকারী পুলিশ সুপার সৈয়দ মুমিদ রায়হান জানান, তিনি ঘটনাস্থল পরিদর্শন করেছেন। অভিযুক্তকে এলাকায় পাওয়া যায়নি। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ নেওয়া হচ্ছে।